

আন্তর্জাতিক

ভারতের হাসপাতালে আগুন, প্রাণ গেল তিন নবজাতকের

প্রতিবেদক: আন্তর্জাতিক ডেস্ক

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



ছবি: সংগৃহীত

ভারতের মহারাষ্ট্রের অমরাবতীর একটি সরকারি হাসপাতালে ভয়াবহ আগুনে তিন নবজাতকের মৃত্যু হয়েছে।

সোমবার (২৪ আগস্ট) রাত সাড়ে ৩টার দিকে অমরাবতী জেলা মহিলা হাসপাতালে এ দুর্ঘটনা ঘটে। আগুন লাগার পর চিকিৎসাধীন কয়েক ডজন নবজাতককে দ্রুত নিরাপদে সরিয়ে নেওয়া হয়।

ভারতীয় সংবাদমাধ্যম এনডিটিভি এক প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে।

জানা গেছে, ভোর সাড়ে ৩টার দিকে হাসপাতালের তৃতীয় তলায় একটি ভেন্টিলেটর বিস্ফোরণের পর আগুনের সূত্রপাত হয়। ওই সময় হাসপাতালের বিশেষ নবজাতক পরিচর্যা ইউনিটে (এসএনসিইউ) ৩৯টি শিশু ভর্তি ছিল।

আগুনে তিন নবজাতক গুরুতর দক্ষ হয়। পরে শ্বাসকষ্টে তাদের মৃত্যু হয়।

আগুন লাগার খবর পেয়ে চিকিৎসক, নার্স ও হাসপাতালের অন্যান্য কর্মীরা দ্রুত ঘটনাস্থলে ছুটে যান। তারা চিকিৎসা সরঞ্জাম বিচ্ছিন্ন করে একে একে নবজাতকদের আগুনে আক্রান্ত এলাকা থেকে নিরাপদ স্থানে সরিয়ে নেন।

এ ঘটনায় গুরুতর আহত ছয় নবজাতককে চিকিৎসার জন্য কাছের একটি সুপার স্পেশালিটি হাসপাতালে স্থানান্তর করা হয়েছে।

তবে আগুন লাগার কারণ এবং ক্ষয়ক্ষতির বিষয়ে প্রতিবেদন লেখা পর্যন্ত আরও বিস্তারিত তথ্য জানা যায়নি।

সূত্র: এনডিটিভি

এ বিভাগের আরও খবর



পরমাণু অস্ত্র তৈরির পরিকল্পনা থেকে ইরান সরে এসেছে, দাবি ট্রাম্পের
তেহরানের সঙ্গে চলমান যুদ্ধে ইরানকে পরমাণু অস্ত্র তৈরি থেকে বিরত রাখা যুক্তরাষ্ট্রের অন্যতম প্রধান লক্ষ্য। তবে এবার ট্রাম্প দাবি করেছেন, ইরান...



সীমান্তে অনুপ্রবেশের ঘটনায় পাকিস্তানি কূটনীতিককে তলব ভারতের
সীমান্ত দিয়ে অনুপ্রবেশ এবং সীমান্ত এলাকায় পাকিস্তানি মাদক চক্রের তৎপরতার অভিযোগে পাকিস্তানের কাছে কড়া প্রতিবাদ জানিয়েছে ভারত। ভারতীয় সংবাদ সং...



রিয়াদে আরামকো স্থাপনায় ফেপগাস্ত্র-ড্রোন হামলার দাবি হুতিদের
সৌদি আরবের রাজধানী রিয়াদে রাস্ট্রায় তেল কোম্পানি আরামকোর একটি স্থাপনায় ব্যালিস্টিক ফেপগাস্ত্র ও ড্রোন দিয়ে হামলার দাবি করেছে ইয়েমেনের সশস...



হুতিদের বিরুদ্ধে বড় হামলার প্রস্তুতি সৌদি আরবের
ইরান-সমর্থিত ইয়েমেনের হুতি বিদ্রোহীদের বিরুদ্ধে বড় ধরনের সামরিক অভিযান চালানোর প্রস্তুতি নিচ্ছে সৌদি আরব। এ হামলার পরিকল্পনা নিয়ে কাজ করছে র...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/international/bharter-haspatale-agun-pran-gel-tin-nbjatker>